

সিমাগো র‍্যাঙ্কিং

## দেশসেরা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

শিক্ষাঙ্গন প্রতিবেদক ডেইলি-বাংলাদেশ ডটকম

প্রকাশিত: ১৬:৪৪ ২১ এপ্রিল ২০২১ আপডেট: ১৬:৪৮ ২১ এপ্রিল ২০২১



গাজীপুরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে নির্মিত মুক্তিযুদ্ধের ভাস্কর্য ও মনুমেন্ট: ছবি (ফাইল)

স্পেনের সিমাগো ইনস্টিটিউশনস র‍্যাঙ্কিংয়ে দেশের সেরা বিশ্ববিদ্যালয়ের তালিকায় জায়গা করে নিয়েছে গাজীপুরের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়।

এই র‍্যাংকিংয়ে দ্বিতীয় অবস্থানে টাঙ্গাইলের মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (মাভাবিপ্রবি) ও তৃতীয় অবস্থানে রয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)।

এ তালিকায় দেশের শীর্ষ ১০ বিশ্ববিদ্যালয়: চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় (৪), বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল বিশ্ববিদ্যালয় (৫), খুলনা বিশ্ববিদ্যালয় (৬), বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (৭), জাহাঙ্গীরনগর

বিশ্ববিদ্যালয় (৮), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) (৯) ও যৌথভাবে ১০ম স্থানে আছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও বেসরকারি বিশ্ববিদ্যালয় ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ (আইইউবি)।

২৮টি সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে রয়েছে— রাজশাহী বিশ্ববিদ্যালয়, ব্র্যাক বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, আহসানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, খুলনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি, এশিয়া প্যাসিফিক ইউনিভার্সিটি এবং রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি এবং ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, চট্টগ্রামের ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটি, নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়, আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি ও মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজিতে (এমআইএসটি)।

গবেষণা, উদ্ভাবন এবং সামাজিক প্রভাবের ওপর ভিত্তি করে প্রতিবছরের এপ্রিল মাসে এ র‍্যাঙ্কিং প্রকাশ করে স্পেনে এই গবেষণা প্রতিষ্ঠানটি। ২০০৯ সাল থেকে প্রতিষ্ঠানটি নিয়মিত বিশ্বের বিশ্ববিদ্যালয়গুলোর র‍্যাঙ্কিং প্রকাশ করে আসছে।

২০২১ সালে সারা বিশ্ব থেকে ৪ হাজার ১২৬টি বিশ্ববিদ্যালয় এই তালিকায় জায়গা পেয়েছে। স্ক্রুপাস ডেটাবেইসে কমপক্ষে ১০০টি গবেষণা প্রকাশিত হয়েছে এমন সব প্রতিষ্ঠানকেই এই র‍্যাঙ্কিংয়ের জন্য বিবেচনায় নেয়া হয়েছে।

ডেইলি বাংলাদেশ/জেডএম